

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০১.১৫.৩০৮

তারিখ: ২৩ মার্চ ২০১৫

বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি (শুধু মুক্তিযোদ্ধা কোটার জন্য)

মন্ত্রিপরিষদ বিভাগের তৃতীয় ও চতুর্থ শ্রেণির শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নের ছকে উল্লেখিত পদসমূহে শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম	পদনাম ও বেতনস্কেল	সংখ্যা	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৫৫০০-১২০৯৫	০৫	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত গ) সাঁটলিপি: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি-৭০ শব্দ, বাংলা-৪৫ শব্দ ঘ) মুদ্রাক্ষর: সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি-৩০ শব্দ, বাংলা-২৫ শব্দ	ঢাকা, রাজবাড়ী, নরসিংদী, ফরিদপুর, গাজীপুর, শরিয়তপুর, শেরপুর, টাংগাইল, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, লক্ষীপুর, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, বগুড়া, জয়পুরহাট, রাজশাহী, নবাবগঞ্জ, পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর, দিনাজপুর, ঝালকাঠি, ভোলা, পিরোজপুর, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ
২.	অফিস সহায়ক ৪১০০-৭৭৪০	০১	স্বীকৃত বোর্ড থেকে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	শেরপুর, মুন্সিগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, টাঙ্গাইল, ঢাকা, চট্টগ্রাম, বান্দরবান, , রাঙ্গামাটি, কক্সবাজার, খাগড়াছড়ি, নওগাঁ, রাজশাহী, সিরাজগঞ্জ, বগুড়া, কুড়িগ্রাম, পঞ্চগড়, নীলফামারী, রংপুর, দিনাজপুর, যশোর, নড়াইল, বাগেরহাট, খুলনা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ

শর্তসমূহ:

- প্রার্থীকে নিম্নের চাকরির আবেদন ফরম হুবহু অনুসরণ করে “যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা” ঠিকানায় খামে (খামের ওপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে) ৩০/০৪/২০১৫ তারিখের মধ্যে সরাসরি (বাংলাদেশ সচিবালয়ের ৫ নম্বর গেইটে) অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে।
- ৩০/০৪/২০১৫ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বছর। বিভাগীয় (মুক্তিযোদ্ধা) প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ বছর। অফিস সহায়ক পদের ক্ষেত্রে ন্যূনতম ১৮ বছর। বয়স প্রমাণে এসএসসি বা সমমানের সনদ বিবেচনা করা হবে। এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ক্রমিক-১ এ উল্লিখিত পদের প্রার্থীকে ১০০/- (একশত) টাকার এবং ক্রমিক-২ এ উল্লিখিত পদের প্রার্থীকে ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারি চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিঃ-এর যে কোন শাখাতে ১/০৪০১/০০০১/২০০১ কোডে অথবা “আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ” বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফটে জমা প্রদানপূর্বক মূলকপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের যাচাইয়ের উদ্দেশ্যে প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে তার পিতা/মাতা/দাদা/দাদী/নানা/নানী’র অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি, মুক্তিযোদ্ধার জন্ম তারিখের প্রমাণকের ফটোকপি, মুক্তিবার্তা পত্রিকা ও গেজেটের সংশ্লিষ্ট অংশের ফটোকপি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করতে হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তিটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে (www.cabinet.gov.bd) পাওয়া যাবে।

চাকরির আবেদন ফরম											গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ২ কপি পাসপোর্ট ও ১ কপি স্ট্যাম্প সাইজের সাম্প্রতিক ছবি সংযুক্ত করুন				
১.	পদের নাম :														
২.	বিজ্ঞপ্তির নম্বর:				তারিখ:		দি	ন	মা	স	ব	ৎ	স	র	
৩.	প্রার্থীর নাম:		বাংলায়: ইংরেজিতে (বড় অক্ষরে):												
৪.	জাতীয় পরিচয় নম্বর:													(যে কোন একটি)	
৫.	জন্ম তারিখ:													৬. জন্মস্থান (জেলা):	
৭.	বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স :				বছর		মাস			দিন					

